দামুড়হুদায় ক্ষমতার দাপট দেখিয়ে সরকারি গাছ কাটলেন মুহুরি তাহাজুল

সরেজমিনে গিয়ে দেখা যায় দামুড়হুদা উপজেলার চন্ডিপুর গ্রামের প্রধান সড়ক থেকে সড়াবাড়িয়া গ্রামীণ সংযোগ সড়কের পাশে তাহাজুল ইসলাম নামে এক ব্যক্তি সরকারি দশটি মেহগনি গাছ চুরি করে কেটে বিক্রি করেছে। এই গাছগুলো কাটার সময় স্থানীয় লোকজন দেখে উপজেলা প্রশাসনকে খবর দেয়। উপজেলা প্রশাসন ইউনিয়ন উপসহকারী ভূমি কর্মকর্তা তরিকুল ইসলামকে ঘটনা স্থলে পাঠায়, ভূমি কর্মকর্তা পৌছানোর আগেই গাছগুলো ওখান থেকে সরিয়ে ফেলেন তাহাজুল।

গাছগুলির আনুমানিক মূল্য প্রায় ৬ থেকে ৭ লক্ষ টাকা। সরকারি এই গাছগুলি গ্রামের গাছ ব্যবসায়ী মেহেদির কাছে বিক্রি করা হয়। এই তাহাজুল ইসলাম (৪৫) চন্ডিপুর গ্রামের খিরাজ উদ্দিন মোল্লার ছেলে পেশায় সে একজন সাবরেজিস্টার্ড অফিসের মুহুরি এবং এলাকায় তিনি আওয়ামী লীগের নেতা হিসেবে পরিচয় দেন।

এই বিষয়ে দামুড়হুদা উপজেলা নির্বাহী কর্মকর্তা রোকসানা মিতার কাছে জানতে চাইলে তিনি বলেন আমি উক্ত ইউনিয়নের ভূমি অফিসারকে ঘটনাস্থলে পাঠিয়েছি সরজমিনে দেখার জন্য । প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশ দিয়েছি । এবং সরকারি জিনিস আত্মসাৎ করলে সে যেই হোক না কেন কেউ ছাড় পাবে না আইনের আওতায় নিয়ে এসে বিচার করা হবে।

এ বিষয়ে কুলগাছি ইউনিয়ন ভূমি কর্মকর্তা তারিকুল ইসলাম এর কাছে জানতে চাইলে তিনি বলেন এ বিষয়টি আমরা সরজমিনে যেয়ে দেখেছি এবং যে ব্যক্তি এই গাছটি কাটছে তাকে চিহ্নিত করছি এবং ওই জমিটা মাপার জন্য আমরা উপজেলা প্রশাসনকে বলছি এবং আগামীকাল উপজেলা সার্ভেয়ার জমিটি মেপে রাস্তার সীমানা নির্ধারণ করবে। এবং এই গাছগুলো উদ্ধারের চেষ্টা করতেছি আমরা।

দামুড়হুদায় জেলা পরিষদের চেয়ারম্যানদের সাথে রেড ক্রিসেন্টের মতবিনিময় সভা

সারাদেশে রেড ক্রিসেন্ট এর ৬৮ টি ইউনিটে সক্ষমতা বৃদ্ধির মধ্য দিয়ে জনগোষ্ঠীর কাছে মানবিক সহায়তা পৌঁছানোর পথ আরো প্রশস্ত করতে জেলা পরিষদের চেয়ারম্যান গনের সাথে মত বিনিময় করেছেন বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি।

গতকাল রবিবার সকাল ১০টায় রাজধানীর রেডিসন হোটেলে আয়োজিত সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে সভার উদ্বোধন করেন স্থানীয় সরকার পল্লী উন্নয়ন সমবায় মন্ত্রী মোহাম্মদ তাজুল ইসলাম এমপি।

এ সময় তিনি উপস্থিত জেলা পরিষদ চেয়ারম্যান গনের উদ্দেশ্য বলেন সমগ্র দেশব্যাপী রেড ক্রিসেন্ট এর বিস্তৃত স্বেচ্ছাসেবক নেটওয়ার্কে সরকারের বিভিন্ন মানবিক সহায়তা প্রকল্পে সম্পৃক্ত করলে আরো স্বচ্ছ জবাবদিহিতার সাথে কাজ করা সম্ভব হবে। এছাড়া সরকারের সহযোগি সংস্থা হিসেবে বিডিআরসিএস’কে স্থানীয় সরকার বিভাগ সহ সরকারের অন্যান্য সংস্থা গুলো আরো বেশি পরিমাণে আর্থিক সহায়তা প্রদান সহ স্বেচ্ছাসেবকদের মানবিক ও দক্ষ করে গড়ে তুলতে প্রয়োজনীয় কারিগরি সহায়তা প্রদান করা প্রয়োজন বলে আমি মনে করি।

মত বিনিময় সভায় সভাপতিত্ব করেন বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটির চেয়ারম্যান মেজর জেনারেল অব: এটিএম আবদুল ওয়াহ্হাব। তিনি উপস্থিত ইউনিট চেয়ারম্যান ও সেক্রেটারিদের উদ্দেশ্য বলেন স্থানীয় সম্পদের উপর ভিত্তি করে সকল ইউনিটকেই টেকসই উন্নয়নের মাধ্যমে নিজস্ব উদ্যোগে বিপদাপন্ন মানুষের কাছে মানবিক সহায়তা পৌঁছাতে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে। তবেই মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে সরকারের সাথে কাঁধে কাঁধ মিলিয়ে এগিয়ে চলা সম্ভব হবে। সারাদেশে ৬৮ টি ইউনিটের মাধ্যমে রেড ক্রিসেন্ট প্রাকৃতিক ও মানব সৃষ্ট দুর্যোগে বিপন্ন মানুষের কাছে পরিষেবা পৌঁছায়। রেড ক্রস রেড ক্রিসেন্ট আন্দোলনে মূলনীতি অনুসরণ করে আত্মনির্ভরশীল ও টেকসই জাতীয় সোসাইটি হিসেবে বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি কে প্রতিষ্ঠিত করতে ইউনিট

গুলোর ভূমিকা ও করণীয় সম্পর্কে অবহিত করতেই সভার আয়োজন করা হয়।

সভায় উপস্থিত জেলা পরিষদের চেয়ারম্যান তথা সোসাইটির ইউনিট চেয়ারম্যানদের একত্রিত করে জেলা পরিষদসহ স্থানীয় বিভিন্ন সংস্থা প্রতিষ্ঠান ও দানশীল ব্যক্তির সহায়তায় বিভিন্ন ইউনিট কর্তৃক গৃহীত মানবিক কর্মকাণ্ড সংক্রান্ত তথ্য বিনিময় করা হয়। দিন ব্যাপী সভায় উপস্থিত ছিলেন বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটির ৫১ জন ইউনিট চেয়ারম্যান, ৫৬ জন ইউনিট সেক্রেটারি, সোসাইটির ভাইস চেয়ারম্যান মোহাম্মদ নুর-উর-রহমান, ট্রেজার এম এ সালাম, ব্যবস্থাপনা পরিষদের সদস্য বৃন্দ, মহাসচিব, উপমহাসচিব, আই এফ আর সি বাংলাদেশ ডেলিগেশনের প্রধান সঞ্জীব কুমার কাফলে, আইসিআরসি বাংলাদেশের প্রধান কাথিয়া লরেঞ্জ, রেড ক্রিসেন্ট ইউনিট সেক্রেটারি গন, সিপিপি পরিচালক প্রশাসন ও দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের উপ সচিব, সোসাইটির বিভিন্ন বিভাগের পরিচালক গণসহ অন্যান্য কর্মকর্তাগণ বৃন্দ, আইএফআরসি, আইসিআরসি, বিভিন্ন পার্টনার, ন্যাশনাল সোসাইটির প্রধান ও প্রতিনিধিগণ এবং সোসাইটির স্বেচ্ছাসেবকবৃন্দ।

জীবননগরে বিনামুল্যে চিকিৎসা ও ঔষধ বিতরণ

জীবননগরে বিনামুল্যে চিকিৎসা ও ঔষধ বিতরণ করা হয়েছে। রবিবার সকাল সাড়ে ১০টার সময় জীবননগর ওয়েভ ফাউন্ডেশনের সমৃদ্ধি কর্মসূচির আয়োজনে উপজেলার সীমান্ত ইউনিয়ন প্রবীণ কেন্দ্রে দুই শতাধীক অসহায় হতদরিদ্র মানুষের বিনামুল্যে নাক, কাল, গলায় সমস্য জনিত রোগীদের চিকিৎসাসেবা ও বিনামুল্যে ঔষধ বিতরণ করা হয়।

সমৃদ্ধি কর্মসূচির সীমান্ত ইউনিয়নের সমন্বয়কারী মোঃ রবিউল ইসলাম বকুলের সভাপতিত্বে অনুষ্ঠিানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, সীশান্ত ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোঃ ইসাবুল ইসলাম মিল্টন।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন,ডাঃ সুমন কর্মকার,সাংবাদিক

মিঠুন মাহমুদ, সীমান্ত ইউনিয় সমৃদ্ধি কর্মসূচির সমাজ উন্নয়ন কর্মকর্তা মোঃ জাহিদুল ইসমলাম,পল্লী চিকিৎসক ফারজানা,ইসরাত জাহান প্রমুখ। উক্ত অনুষ্ঠানটি সার্বিক পরিচালনা করেন মোঃ সাজ্জাদ হোসেন।

জীবননগরে একটি প্রতিষ্ঠানে ৫০হাজার টাকা জরিমানা

চুয়াডাঙ্গা-জীবননগরে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর অভিযানে চালিয়ে অস্বাস্থ্যকর পরিবেশে খাবার মুড়ি তৈরি করার অপরাধে একটি প্রতিষ্ঠানে ৫০হাজার জরিমানা প্রদান করেছে।

রবিবার দুপুর ১২টার সময় জীবননগর পৌর শহরের ইসলামপুর গ্রামে অবস্থিত মেসার্স সরকার ট্রের্ডাসে অভিযান চালিয়ে অস্বাস্থ্যকর পরিবেশে খাবার মুড়ি তৈরি করার অপরাধে,ভোক্তা অধিকার সংরক্ষণ আইন ২০০৯এর ৩৭ ও ৪৩ ধারায় মেসার্স সরকার ট্রেডার্সের মালিক মোঃ নাজমুস সাকিবকে ৫০হাজার টাকা জরিমানা প্রদান করেন ।

অভিযান পরিচালনা করেন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর চুয়াডাঙ্গা জেলার সহকারী পরিচালক মোঃ সজল আহম্মেদ। এ সময় উপস্থিত ছিলেন, জীবননগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্◌্◌েরর স্যানেটারি ইন্সেপেক্টর আনিসুর রহমান ।

অভিযান শেষে স্বাস্থ্যের জন্য ক্ষতিকর নিন্মমানের লবন পানি দিয়ে ধ্বংশ করা হয়।

দর্শনায় বাসের সীটের নীচ থেকে ৯ হাজার ৪ পিচ ইয়াবা উদ্ধার

চুয়াডাঙ্গার দর্শনায় ৬ বিজিবি মাদক বিরোধী অভিযান চালিয়ে বাসের সিটের নীচ থেকে ৯ হাজার ৪শ পিচ ইয়াবা ট্যাবলেট উদ্ধার করেছে। তবে আটক করতে পারেনী কোন চোরাচালানীকে।

জানাযায় গতকাল শনিবার দুপুর সাড়ে ১২ টার দিকে দর্শনা ফিলিং ষ্টেশনের সামনে দর্শনা – জীবননগর মহাসড়কে উপর অভিযান চালায়।

এ সময় দর্শনা ৬ বিজিবির দর্শনা আইসিপি বিওপি কমান্ডার সুবেদার মোঃ নওশের আলী সঙ্গীয় ফোর্স নিয়ে গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালায় শাপলা পরিবহনের সুগন্ধা একটি বাসে। চুয়াডাঙ্গা জেলার দর্শনা থানার অন্তর্গত সীমান্তের মেইন পিলার ৭৬ হতে আনুমানিক ০৫ কিঃ মিঃ বাংলাদেশের অভ্যন্তরে আকন্দবাড়ীয়া তেলের পাম্পের নিকট।

এ সময় বিজিবি ওৎ পেতে থাকে বসটি চ্যালেঞ্জ করে তল্লাসী করে বাসে থাকা প্লাষ্টিকের ব্যাগ খুলে মালিকবিহীন অবস্থায় ৯হাজার ৪শ পিস ভারতীয় ইয়াবা ট্যাবলেট আটক করতে সক্ষম হয়। তবে এ ঘটনায় বিজিবি কোন চোরাচালানীকে আটক করতে পারেনী।

দর্শনায় ফেনসিডিলসহ শ্যামপুর গ্রামের অনিক বিশ্বাস গ্রেফতার

দর্শনায় ফেনসিডিল সহ অনিক বিশ্বাস (২২) নামের এক মাদক ব্যাবসায়ীকে গ্রেফতার করেছে থানা পুলিশ। গত শুক্রবার রাত পৌনে ১২ টার দিকে দর্শনা থানার অফিসার ইনচার্জ এ,এইচ,এম লুৎফুল কবীরের নেতৃত্বে, এস আই রাম প্রসাদ ও এ এস আই তুহিন হোসেন সঙ্গীয় ফোর্সসহ মাদক বিরোধী অভিযান পরিচালনা করেন দর্শনা পুরাতন রাজারস্থ রাবেয়া সুপার মার্কেটর গলি জৈনক আশরাফ হার্ডওয়ারর

দোকানের সামনে।

এসময় আমদানী নিষিদ্ধ ভারতীয ৪৮ বোতল ফেন্সিডিল সহ অনিক বিশ্বাস
(২২) নামের এক মাদক ব্যাবসায়ীকে গ্রেফতার করা হয়। সে দামুড়হুদা উপজেলার দর্শনা থানাধীন শ্যামপুর গ্রামের উত্তরপাড়ার নাছির উদ্দিনের ছেলে।

গ্রেফতারকৃত আসামীর বিরুদ্ধে দর্শনা থানায় গতকাল শনিবার মামলা নং-২, ধারা-মাদকদ্রব্য নিয়ন্ত্রন আইন ২০১৮ সালের ৩৬ (১) সারণির ১৪ (খ) রুজু করে আসামীকে চুয়াডাঙ্গা আদালতের কোট হাজতে প্রেরন করা হয়েছে।

আলমডাঙ্গায় মালিকানা জমিতে উচ্ছেদ অভিযানের অভিযোগ

আলমডাঙ্গার বধ্যভূমি পার্ক ও জাদু ঘর নির্মাণের নামে জোরপূর্বক মালিকানা জমি দখল, বাড়ি ঘর উচ্ছেদ’র অভিযোগ উঠেছে। কোর্টের আদেশ না মেনে উপজেলা প্রশাসন সরকারি খাস জমি দখলের নামে জোরপূর্বক এ উচ্ছেদ অভিযান পরিচালনা করেছে। সরকারি খাস জমি দখলের নামে মালিকানা উচ্ছেদের ঘটনায় ভুক্তভোগী মন্টু মিয়া সাংবাদিকের নিকট লিখিত অভিযোগ করেছে।

অভিযোগ সূত্রে জানাযায়, আলমডাঙ্গা কুমারি ইউনিয়নের লালব্রিজ সংলগ্নে বধ্যভূমি নিকটস্থ পার্ক ও জাদুঘর নির্মাণের প্রস্তুতি চলছে। নির্মাণ কর্মযজ্ঞকে ঘিরে সরকারি খাসজমি সংগ্রহ করছে উপজেলা প্রশাসন।

বধ্যভূমি স্মৃতিস্তম্ভ সংলগ্নে ১৯৬২ সালের এস,এ রেকর্ড অনুযায়ী ১২৯৫ খতিয়ানে মোট জমির পরিমান ২ একর ৫৬ শতক। এ জমির মালিক মৃত আবুল হোসেন গং। আর, এস ২৯১ খতিয়ান ভুক্ত ১৯৩৩ দাগের ৩৬ শতক জমি খাস খতিয়ানের মাধ্যমে রেকর্ডভুক্ত হয়।

তবে সরকারি ১ নম্বর খাস খতিয়ান ভুক্ত ১৯২২ নম্বর দাগে

ভুক্তভোগীর ৩৬ শতক জমি ভুলক্রমে রেকর্ড হয়ে যায়। রেকর্ডভুক্ত জমি নিয়ে ২০২১ সালে বিজ্ঞ আলমডাঙ্গা সহকারী জজ আদালতে মামলা দায়ের করেন। রেকর্ড সংশোধনী মামলাটি আদালতে চলমান রয়েছে।

গত ৬ ফেব্রুয়ারি উপজেলা প্রশাসনের সহকারী কমিশনার (ভূমি) রেজওয়ানা নাহিদ স্বাক্ষরিত আলমডাঙ্গা বধ্যভূমি সংলগ্ন ভুক্তভোগী মন্টু মিয়ার নামে সরকারি জমি হতে অবৈধ স্থাপনা উচ্ছেদের নোটিশ পাঠানো হয়।

পরবর্তীতে গত ৯ ফেব্রুয়ারি মন্টু মিয়া বাদি হয়ে দাবিকৃত জমি সঠিক পরিমাপের জন্য উপজেলা সহকারী কমিশনার (ভূমি)’র নিকট নোটিশ পাঠায়। নোটিশের জবাব না দিয়ে উপজেলা নির্বাহি অফিসার রনি আলম নুর ও সহকারী কমিশনার (ভূমি) রেজওয়ানা নাহিদ উপস্থিত থেকে উচ্ছেদ অভিযান পরিচালনা করে।

ভুক্তভোগী মন্টু মিয়া বলেন, পৈত্রিক সম্পত্তি থেকে অবৈধ ভাবে আমার বসতবাড়িতে উচ্ছেদ করেছে। প্রায় ৫ লক্ষাধিক টাকার ক্ষয়ক্ষতি হয়েছে। এবিষয় উর্ধতন কর্মকর্তাদের সহায়তা কামনা করছি।

এবিষয় উপজেলা সহকারী কমিশনার (ভূমি) রেজওয়ানা নাহিদ জানান, যথাযথ আইনুযায়ী উচ্ছেদ অভিযান পরিচালনা করা হয়েছে। তিনি আরো বলেন, বিজ্ঞ আদালতের মাধ্যমে উচ্ছেদের বিষয়ে নোটিশ পাঠিয়েছে। সময় অনুযায়ী আদালতে জবাব পাঠানো হবে।

দর্শনা আন্তজার্তিক গেঁদে চেকপোস্ট দীর্ঘ ৩ বছর পর সব রকম ভিসা চালু

দীর্ঘ তিন বছর বন্ধ থাকার পর অবশেষে চালু হলো দর্শনা আন্তজার্তিক গেঁদে চেকপোষ্ট। গতকাল বৃহস্পতিবার ভারত সরকার স্বরাষ্ট্র মন্ত্রণালয় বিদেশী বিভাগ (আই.এমএম বিভাগ) এমডিসি এনএস, ইন্ডিয়া গেট, নিউ দিল্লি থেকে একটি স্বারকলিপি প্রদান

করেন।

ল্যান্ড ইমিগ্রেশন চেক পোস্ট আই সি পি গেদে এবং মাহাদিপুর (পশ্চিমবঙ্গ) পুনরায় খোলা সংক্রান্ত বিষয়ে একটি চিঠি হাতে পেয়েছে ইমিগ্রেশন ও রাজশাহী হাই কমিশনার কতৃপক্ষ। এখন থেকে বাই রোড গেঁদে ভিসার অনুমোদন দিচ্ছে রাজশাহী বিভাগের দায়িক্তে থাকা ভারতীয় হাইকমিশনার।

দর্শনা চেকপোষ্টের ইনচার্জ এস আই আবু নাইম শেখ জানান, এতদিন বন্ধ থাকা দর্শনা আন্তর্জাতিক বন্দর দিয়ে সড়ক পথে যাতায়াতে বাংলাদেশী পাসপোর্ট ধারী যাত্রীদের জন্য রাজশাহী হতে টুরিষ্ট, মেডিকেল ও বিজনেস সহ সকল ধরনের ভিসা দেওয়া শুরু করেছে। যার ফলে এ রুট দিয়ে এখন বৈধ ভাবে সকল যাত্রী যাতায়াত করতে পারবে বলে জানতে পেরেছি। তবে পুরোপুরি চালু হওয়ার ফলে কষ্ট লাগব হলো প্রায় ১৫ /২০ জেলা মানুষের। হাজার হাজার যাত্রী আসা যাওয়াতে দু’দেশের বন্ধন আরো সুদৃঢ হবে।

মহামারী করোনা সংক্রমণ দেখা দেয়ায় ২০২০ সালের ২৬ মার্চ দর্শনা আন্তর্জাতিক রেলবন্দরের মাধ্যমে ভারতীয় মালামাল আমদানি এবং স্থলপথে ভারত-বাংলাদেশের মধ্যে ট্যুরিস্টসহ সকল ভিসার পাসপোর্ট যাত্রীদের যাতায়াত পুরোপুরি স্থগিত করে দেয়। সেই থেকে দর্শনা আন্তজার্তিক চেকপোষ্ট বন্ধ হয়ে যায়। এই আন্তজার্তিক চেতপোষ্ট বন্ধ হওয়ার কারনে প্রায় ভোগান্তিতে পড়ে ১৫ /২০ জেলার মানুষ। সব শেষে গত বছরের ২৯ মে ঢাকা-কলকাতা মৈত্রী এক্সপ্রেস দর্শনা আন্তর্জাতিক রেল স্টেশনের মাধ্যমে চলাচল শুরু করলেও অদ্যবদি দর্শনা-গেদে স্থলপথে বাংলাদেশীদের জন্য ট্যুরিস্ট ভিসা চালু হয়নি। তবে পুরোপুরি চেকপোষ্টটি চালু হলে লাভবান হবে সরকার।

উল্লেখ্য গতকাল বৃহস্পতিবার ভারতীয় মন্ত্রনালয় থেকে একটি চিঠি দিয়েছে। চিঠিতে যা লেখা আছে তা উল্লেখ করা হলো যাত্রী পরিবহনের জন্য ল্যান্ড আইপি গেছে এবং মাহাদীপুর পুনরায় চালু করার বিষয়টি নিশ্চিত করেন। মন্ত্রণালয়ে আরও বিবেচনা করা হয়েছে। সেই অনুযায়ী ল্যান্ড আইপি গেদে এবং মাহাদিপুর পুনরায় চালু করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

এই শিথিলতা সময়ে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রনালয়ের দ্বারা জারি করা স্বাস্থ্য/ কোভিট ১৯ প্রোটোকল মেনে চলার দাবি জানান।

পশ্চিমবঙ্গ সরকারকে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রলয়ের জারি

করা স্বাস্থ্য প্রোটোকলগুলি মেনে চলার জন্য ল্যান্ড আইসিপি ভেরি এবং মাহাদিপুরে পর্যাপ্ত সংখ্যক স্বাস্থ্যকর্মী করার জন্য অনুরোধ করেছে। বিদেশ মন্ত্রলয়ের সমস্ত বিদেশীদের বাধ্যতামূলক বায়োমেট্রিক নথিভুক্তি নিশ্চিত করতে এবং সব ধরণের ভিসা মঞ্জুর করা হয়েছে।

জীবননগরে ৭মার্চ ও ১৭মার্চ উদযাপন উপলক্ষে প্রস্তুতিমূলক সভা

জীবননগরে ঐতিহাসিক ৭মার্চ ও ১৭মার্চ জাতীর জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস ২০২৩ উদযাপন উপলক্ষে প্রস্তুতিমূলক আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল বৃহস্পতিবার সকাল ১১টার সময় জীবননগর উপজেলা প্রশাসনের আয়োজনে উপজেলা পরিষদের হলরুমে এ প্রস্তুতিমূলক আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

জীবননগর উপজেলা নির্বাহী অফিসার মোঃ রোকুনুজ্জামানের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জীবননগর উপজেলা পরিসদের চেয়ারম্যান হাজী মোঃ হাফিজুর রহমান।

এসময় উপস্থিত ছিলেন জীবননগর উপজেলা আওয়ামীলীগের সভাপতি নজরুল ইসলাম, সাধারন সম্পাদক আবু মোঃ আব্দুল লতিফ অমল, উপজেলার সহকারী কমিশনার ভ’মি তিথি মিত্র, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আব্দুস সালাম ঈশা, মহিলা ভাইস চেয়ারম্যান আয়েসা সুলতানা লাকী, জীবননগর প্রেস ক্লাবের সভাপতি এম আর বাবু, জীবননগর সাংবাদিক সমিতির সভাপতি জাহিদ বাবুসহ বীরমুক্তিযোদ্ধা, সামাজিক সংগঠন, শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগন উপস্থিত ছিলেন।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]